# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** কয়েকটি বখাটে যুবক টাউন বাস থেকে নেমে ভাড়া না দিয়ে চলে যেতে চাইলে বাসের কন্ট্রাকটরের সাথে তাদের ঝগড়া হয় এবং কিছুটা হাতাহাতি হয়। অন্যান্য মানুষের হস্তক্ষেপে বিষয়টি নিষ্পত্তি হয়। এ ঘটনা শুনে পাশের মসজিদের ইমাম সাহেব বললেন, যুবকগুলোকে ইমানি চেতনায় উদ্বুদ্ধ করা গেলে তারা এরূপ করতো না। কেননা, 'ইমান ও মানবিক মূল্যবোধ ওতোপ্রোতভাবে জড়িত।'

ক. ইমান শব্দের মূল ধাতু কী? ১

খ. ইমানের কী কী মূল বিষয় রয়েছে? ২

গ. যুবকদেরকে ইমানি চেতনায় উদ্বুদ্ধ কীভাবে করা যাবে? ৩

ঘ. উদ্দীপকের ইমাম সাহেবের সর্বশেষ উক্তিটি— বিশ্লেষণ কর। ৪

**২.▶** সিলেট জামে মসজিদের ইমাম সাহেব জুমুয়ার খুতবায় আখিরাতের পরিচয় ও এর বিভিন্ন স্তর সম্পর্কে আলোচনা করে বলেন, দুর্নীতিমুক্ত সমাজ গঠনের জন্য আখিরাতের বিশ্বাস মানুষের অন্তরে জাগ্রত করা অতীব জরুরি। আর মানুষকে কর্মতৎপরতা ও দায়িত্ব সচেতন করে গড়ে তুলতে হলেও আখিরাতের ভয় সকলের অন্তরে সৃষ্টি করতে হবে। কেননা, 'দুনিয়া হলো আখিরাতের শস্যক্ষেত্র।'

ক. আখিরাত অর্থ কী? ১

খ. আখিরাতের স্তর কী কী? ২

গ. ইমাম সাহেবের পরমর্শ অনুযায়ী কী কী পদক্ষেপ গ্রহণ করলে মানুষের অন্তরে আখিরাতের ভয় জাগ্রত করা যাবে? ৩

ঘ. উদ্দীপকের সর্বশেষ উক্তিটি — বিশ্লেষণ কর। ৪

**৩.▶** শরিয়ত হলো ইসলামি জীবন পদ্ধতি। এটি আল্লাহ তায়ালা ও তাঁর রাসুল (সা:) এর আদেশ-নিষেধ ও দিক নির্দেশনার সমষ্টি। এর বিষয়বস্তু ও পরিধি অত্যন্ত ব্যাপক। এটি হলো মানব জাতির জন্য সার্বিক ও পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। পবিত্র কুরআনের মাদানী সূরাসমূহে মানব জীবনের সকল দিক নির্দেশনা রয়েছে।

ক. শরিয়তের দ্বিতীয় উৎস কোনটি? ১

খ. শরিয়তের উৎসসমূহের পরিচয় দাও। ২

গ. 'উল্লিখিত বিষয়ের বিষয়বস্তু ও পরিধি অত্যন্ত ব্যাপক'— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন ধরনের সূরার দিক নির্দেশনার কথা বলা হয়েছে? উক্ত সূরাসমূহের বিষয়বস্তু বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪.▶ কিয়ামত পর্যন্ত সকল সমস্যার সমাধানের ব্যবস্থা হিসেবে শরিয়তে ইজমা ও কিয়াসের সুযোগ রাখা হয়েছে। শরিয়তের বিধানসমূহ বোঝার জন্য এর পরিভাষা সম্পর্কে ভালোভাবে জানা আবশ্যক। 'মানব জীবনে হারামের মারাত্মক কুপ্রভাব রয়েছে।'

ক. ইজমা কোন ভাষার শব্দ? ১

খ. ইজমার হুকুম ব্যাখ্যা কর।। ২

গ. কিয়াস করার সময় কোন কোন নীতির অনুসরণ করতে হয়? ৩

ঘ. 'মানব জীবনে হারামের মারাত্মক কুপ্রভাব রয়েছে'— বিশ্লেষণ কর। ৪

৫.▶ আল্লাহর হক ও বান্দার হক উভয়টিই ইবাদতের অন্তর্ভুক্ত। অনেক লোক আল্লাহর হক পালনে তৎপর থাকলেও বান্দার হক পালনে উদাসীন। অথচ আল্লাহর সন্তুষ্টি হাছিলের জন্য উভয় প্রকার হক আদায়ে যত্নশীল হতে হবে। কেননা কুরআন মাজিদে আল্লাহ পাক ঘোষণা করেছেন, 'আমি জ্বিন ও মানব জাতিকে কেবলমাত্র আমার ইবাদতের জন্য সৃষ্টি করেছি।'

ক. কিয়ামতের দিন সর্বপ্রথম কিসের হিসাব নেয়া হবে? ১

খ. সাওমের সামাজিক শিক্ষা কী? ২

গ. যাকাত কীভাবে ধনী ও গরিবের পার্থক্য দূর করে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. 'আমি জ্বিন ও মানব জাতিকে কেবল মাত্র আমার ইবাদতের জন্য সৃষ্টি করেছি'— আলোচনা কর। ৪

৬.▶ সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে আজ গোটা জাতি সোচ্চার। আর এভাবে সোচ্চার হওয়াটাই উচিত। কেননা, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা সমাজে অশান্তি ও বিশৃঙ্খলা সৃষ্টি করে। এটা ধর্মীয় চেতনার পরিপন্থি। অনেকে জিহাদের ভুল ব্যাখ্যা করে থাকে। অথচ 'জিহাদ ও সন্ত্রাসবাদ এক নয়, বরং পরস্পর বিরোধী।

ক. জিহাদ কত প্রকার? ১

খ. জিহাদের আসল উদ্দেশ্য কী? ২

গ. সন্ত্রাস ও জঙ্গিবাদ বন্ধের জন্য কী কী উদ্যোগ নেয়া দরকার বলে তুমি মনে কর। ৩

ঘ. 'জিহাদ ও সন্ত্রাসবাদ এক নয়'— কথাটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ উন্নত চরিত্র দ্বারাই মানুষের মর্যাদা নির্ধারণ হয়। তাকওয়া, ওয়াদা পালন, সত্যবাদিতা, শালীনতা, আমানত মানব সেবা ইত্যাদি গুণ অর্জন করেই উন্নতি লাভ করা সম্ভব। নারীর প্রতি সম্মান বোধ, স্বদেশ প্রেম, কর্তব্য পরায়ণতা, পরিচ্ছন্নতা, মিতব্যয়িতা ও আত্মশুদ্ধি ইত্যাদিও আখলাকে হামিদার অন্তর্ভুক্ত। 'আল্লাহর শাস্তি থেকে বাঁচতে হলে সৎ কাজের আদেশ ও অসৎ কাজে নিষেধ করার দায়িত্ব পালন অত্যন্ত জরুরি।

ক. আখলাক অর্থ কী? ১

খ. তাকওয়া অর্জন করতে হবে কেন? ২

গ. মানবসেবার গুরুত্ব ও পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আল্লাহর শাস্তি থেকে বাঁচতে হলে সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করার দায়িত্ব পালন অত্যন্ত জরুরি'— আলোচনা কর। ৪

TeachingBD.com

৮.▶ প্রতারণা, গীবত, হিংসা, ফিতনা-ফাসাদ ইত্যাদি মানব সমাজে পারস্পরিক সম্পর্ক বিনষ্ট করে। সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্য এবং পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির জন্য এসব বিষয়ের অপকারীতা সম্পর্কে সকলকে সচেতন করতে হবে। উল্লেখ্য যে, 'সুদ ও ঘুষের কুফল অত্যন্ত ভয়াবহ।'

ক. নিন্দনীয় স্বভাবের আরবি কী? ১

খ. গীবত কাকে বলে? বুঝিয়ে লেখ। ২

গ. কর্মবিমুখতার কুফল বর্ণনা কর। ৩

ঘ. 'সুদ ও ঘুষের কুফল অত্যন্ত ভয়াবহ'— কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶ তাসলিমার পিতা জনাব মাওলানা আবু যর বলেন, বর্তমান অশান্ত বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য 'হিলফুল ফুযুল', 'মদিনার সনদ' এবং 'বিদায় হজ্বের ভাষণ' অনুসরণ করা অতীব জরুরি। এগুলো মানব সভ্যতায় মাইল ফলক হিসেবে বিবেচিত।

ক. আইয়ামে জাহিলিয়্যা অর্থ কী? ১

খ. মহানবী মুহাম্মদ (সা:) কে আল আমীন বলা হতো কেন? ২

গ. বিভিন্ন ধর্ম ও সম্পদায়ের লোকদের নিয়ে জাতীয় ঐক্য গঠনে 'মদিনা সনদ' কীরূপ ভূমিকা পালন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিদায় হজের ভাষণের সার সংক্ষেপ লেখ। ৪

১০.▶ হযরত আবু বকর (রা:) মহানবী (সা:) এর অত্যন্ত ঘনিষ্ট বন্ধু ছিলেন। আপদে-বিপদে, সুখে-দুঃখে সর্বদা তিনি মুহাম্মদ (সা:) এর সাথে থাকতেন। তাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়।

ক. কুরাইশ বংশের কোন গোত্রে আবু বকর (রা:) জন্মগ্রহণ করেন? ১

খ. হযরত আবু বকর (রা:) কে সিদ্দিক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সাহাবি খলিফা নির্বাচিত হয়ে যে ভাষণ দিয়েছিলেন তা বর্ণনা কর। ৩

ঘ. 'তাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়'— বিশ্লেষণ কর। ৪

১১.▶ রাষ্ট্র পরিচালনায় খুলাফায়ে রাশেদীন যে নজির স্থাপন করেছেন, ইতিহাস তা অতুলনীয়। শিক্ষা ও মানব সম্পদ উন্নয়নে তাদের ভূমিকা প্রভাব আজও দুনিয়াব্যাপী আলোচিত। 'দুনিয়ায় শান্তি প্রতিষ্ঠা করতে হলে খুলাফায়ে রাশেদীনের আদর্শ অনুসরণ করতে হবে।'

ক. ইসলামের তৃতীয় খলিফা কে ছিলেন? ১

খ. হযরতর উমর (রা:) কে 'ফারুক' উপাধি দেয়া হয়েছিল কেন? ২

গ. জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের অবদান বিষয়ে একটি অনুচ্ছেদ লেখ। ৩

ঘ. 'দুনিয়ায় শান্তি প্রতিষ্ঠা করতে হলে খুলাফায়ে রাশেদীনের আদর্শ অনুসরণ করতে হবে।' —বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : ১ ১ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'আল হিকমাতু' শব্দের অর্থ কী?
ক) উপদেশ খ) প্রজ্ঞা
গ) জ্যোতি ঘ) অনুগ্রহ

২. আল্লাহ শব্দটি কোন ভাষার শব্দ?
ক) হিব্রু খ) আরবি
গ) ফার্সি ঘ) ইরানি

৩. আয়াতুল কুরসি আমাদের শিক্ষা দেয়-
i. আল্লাহুকে তন্দ্রা ও নিদ্রা স্পর্শ করে না
ii. আল্লাহ সবকিছুর মালিক
iii. আল্লাহর অনুমতি ছাড়া কিছুই হয় না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. মানবতার চরম অবমাননা কোনটি?
ক) কুফর খ) নিফাক
গ) অনৈতিকতা ঘ) শিরক

৫. হযরত ইদ্রিস (আ.) এর উপর কয়খানা সহিফা অবতীর্ণ হয়?
ক) ত্রিশ খানা খ) দশ খানা
গ) পঞ্চাশ খানা ঘ) পঁচিশ খানা

৬. অহি লেখক সাহাবীদের সংখ্যা কত ছিল?
ক) ২৮ খ) ৪২
গ) ৪৭ ঘ) ৮৬

৭. তীন ও যায়তুন দ্বারা কোন অঞ্চলকে বুঝানো হয়েছে?
ক) মিশর ও ফিলিস্তিন খ) সিরিয়া ও সৌদিআরব
গ) ফিলিস্তিন ও ইরান ঘ) সিরিয়া ও ফিলিস্তিন

৮. সিহাহ্ সিত্তাহ অর্থ কী?
ক) বিশুদ্ধ ছয়টি হাদিস খ) ছয়খানা ফিকাহ্ গ্রন্থ
গ) ছয়খানা তাফসীর গ্রন্থ ঘ) ছয়খানা বিশুদ্ধ হাদিস গ্রন্থ

৯. ইবাদতের মূল লক্ষ্য কী?
ক) জান্নাত লাভ
খ) রাসুল (সা.) এর সন্তুষ্টি অর্জন
গ) আল্লাহর আইন মেনে চলা
ঘ) আল্লাহর সন্তুষ্টি অর্জন

১০. হিলফুল ফুযুল বা শান্তি সংঘের উদ্দেশ্য ছিল-
i. আর্তের সেবা
ii. অত্যাচারিকে সাহায্য
iii. শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. যাকাত ধনী ও গরিবের মাঝে কী সৃষ্টি করে?
ক) সেতুবন্ধন খ) আত্মীয়তা
গ) বাড়াবাড়ি ঘ) জোরজুলুম

১২. আল্লাহ তায়ালা কুরআন নাযিল শুরু করেন কোন শব্দ দিয়ে-
ক) ইকরা খ) বিসমিল্লাহ
গ) হুদা ঘ) ইয়া-সীন

১৩. 'স্বদেশ প্রেম ইমানের অঙ্গ' এটি কার বানি?
ক) আল্লাহর খ) রাসুল (সা.) এর
গ) উমর (রা.) ঘ) মনীষীর

১৪. কাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়?
ক) হযরত আলী (রা.) কে
খ) হযরত উমর (রা.) কে
গ) হযরত উসমান (রা.) কে
ঘ) হযরত আবু বকর (রা.) কে

১৫. আল মোকাদ্দেসি ভ্রমণ করেননি-
i. স্পেন
ii. ভারত বর্ষ
iii. মিশর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com
http://teachingbd.com

১৬. শরীয়তের সর্বশেষ ও পূর্ণাঙ্গ রূপ হল-
ক ইমান খ ইসলাম
গ সালাত ঘ সাওম

১৭. পৃথিবীর আগুন জাহান্নামের আগুনের কত ভাগ?
ক একাত্তর ভাগের একভাগ
খ সত্তর ভাগের একভাগ
গ নব্বই ভাগের একভাগ
ঘ একানব্বই ভাগের একভাগ

১৮. আল্লাহ কীভাবে মানুষকে পরীক্ষা করেন?
ক মৃত্যু দিয়ে খ সুখ-দু:খ দিয়ে
গ ফল ফসলের দ্বারা
ঘ নেতৃত্ব দিয়ে

১৯. মৃত মাছ খাওয়া কী?
ক হালাল খ হারাম
গ মাকরুহ ঘ মুবাহ

২০. নিম্নের কোনটি হাক্কুল্লার ভিতরে গন্য নয়-
ক সালাত খ সাওম
গ হজ্জ ঘ স্বদেশপ্রেম

২১. পূর্ববর্তী সকর উম্মতের ওপর কোন ইবাদত ফরজ ছিল-
ক সালাত খ সাওম
গ জিহাদ ঘ হজ্জ

২২. প্রতারণা দ্বারা অর্জিত জীবিকা কী?
ক হারাম খ মাকরুহ
গ হালাল ঘ মুবাহ

২৩. বয়স্ক পুরুষদের প্রথম কে ইসলাম গ্রহণ করেছিলেন?
ক হযরত আবু বকর (রা.)
খ হযরত উমর (রা.)
গ হযরত উসমান (রা.)
ঘ হযরত আলী (রা.)

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

ধরো, রবিউল একজন বিজিবি জোয়ান। তিনি সীমান্ত রক্ষার জন্য যুদ্ধে প্রাণ হারান।

২৪. রবিউল যুদ্ধ করেছেন কেন?
ক সম্পত্তির লোভে খ ক্ষমতার লোভে
গ শাসকদের ভয়ে
ঘ স্বদেশপ্রেমে উজ্জীবিত হয়ে

২৫. রবিউল দেশকে রক্ষা করার জন্য নিজের জীবন দেয়। ইসলামী শরীয়ত মোতাবেক তার পুরস্কার হবে-
ক লক্ষ লক্ষ টাকা
খ উঁচু উঁচু অট্টালিকা
গ জান্নাত
ঘ জাহান্নাম

২৬. দীর্ঘ দশ বছর মহানবী (সা.) এর খাদেম ছিলেন কোন সাহাবী?
ক হযরত আনাস (রা.)
খ হযরত সাদ (রা.)
গ হযরত উবাদা (রা.)
ঘ হযরত তালহা (রা.)

২৭. সূরা আল মাউন থেকে আমরা শিক্ষা লাভ করতে পারে-
i. সালাতে একাগ্রতা বজায় রাখতে হবে
ii. দুঃখ কষ্টে আল্লাহর উপর ভরসা করা
iii. নিঃস্বদেরকে সাহায্য করা।
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. ইস্তেখারা অর্থ কী?
ক স্বপ্নে কল্যাণকর কিছু পাওয়ার আবেদন
খ ভালো স্বপ্ন দেখার আবেদন
গ বৃষিটর জন্য আবেদন
ঘ দুঃস্বপ্ন না দেখার আবেদন

২৯. 'আল কানুন ফিত-তিব্ব' গ্রন্থের লেখক কে?
ক ইবনে সিনা খ ইবনে হাইসাম
গ আল বেরুনী ঘ আত তাবারি

৩০. গণিত শাস্ত্রের জনক কে?
ক হাসান ইবনে হাইসাম
খ নাসিরউদ্দিন তুসি
গ মুসা আল খাওয়ারেজমি
ঘ উমর খৈয়াম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com